



পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদসমূহের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এটি একটি পাইলট প্রকল্প হিসাবে ৭ মাসের জন্য শুরু হবে, তবে পরবর্তীতে আরো ৫ বছরের জন্য মেয়াদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

পদের নামঃ এসিস্ট্যান্ট টেকনিক্যাল অফিসার-লাইভলিহুড

শিক্ষাগত যোগ্যতা : কোন স্বীকৃত কারিগরি কলেজ/ইনস্টিটিউট হতে কৃষি/প্রাণি/মৎস্য বিষয়ে পশু চিকিৎসা/পশু পালন বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীধারী।

বেতন : ১৮,০০০/- টাকা, ও মোবাইল ভাতা ৫০০/-। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মকালের মেয়াদঃ সেপ্টেম্বর ২০১৯ - মার্চ ২০২০ পর্যন্ত।

কর্মস্থলঃ কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা।

অভিজ্ঞতাঃ সরাসরি মাঠ পর্যায়ে কৃষি বিষয়ক আয়বর্ধনমূলক বাস্তবায়নে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

পিকেএসএফ এর প্রকল্পে অতীতে কাজ করেছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বয়সঃ সর্বোচ্চ ৩০ বছর।

দায়িত্ব ও কর্তব্যঃ

- সংশ্লিষ্ট এলাকায় প্রকল্পের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী নির্বাচনে সহযোগিতা করা।
- দায়িত্বপ্রাপ্ত শাখায় প্রকল্পের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সেবা প্রদানের জন্য ইন্টারভেনশনসমূহ এবং লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর অগ্রগন্যতা নিরূপনে সংশ্লিষ্ট টেকনিক্যাল অফিসারকে সহযোগিতা করা।
- প্রশিক্ষণ প্রদানের জন্য সদস্য নির্বাচন ও প্রশিক্ষণ আয়োজন করা।
- প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের প্রশিক্ষণ পরবর্তী নিয়মিত ইস্যুভিত্তিক পরামর্শ/সেবা প্রদান করা।
- প্রশিক্ষণ কার্যক্রমের শিক্ষনসমূহ মাঠে বাস্তবায়নে নিবিড়ভাবে সদস্যদের সাথে সরাসরি কাজ করা।
- প্রাতিষ্ঠানিক বা বড় ক্রেতার সঙ্গে সংশ্লিষ্ট এলাকার চাষীদের সংযোগ স্থাপনের মাধ্যম হিসাবে কাজ করা।
- কারিগরি বিষয় সংক্রান্ত সকল রেজিস্ট্রার হালনাগাদ করা।

অন্যান্য শর্তাবলীঃ

- অতিদুর্গম, হাওর ও চরাঞ্চলে এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- কম্পিউটারের সাধারণ জ্ঞান থাকতে হবে।
- সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: www.popibd.org

“নারী-শিশু নির্যাতন ও বুদ্ধিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”